# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ৫. অভ্রান্ততা বিষয়ে পলের বক্তব্য

২ তীমথিয় ৩/১৫-১৬ শ্লোকে পল বলেন: "তুমি শিশুকাল অবধি পবিত্র শাস্ত্র (ইংরেজি: the holy scriptures, কিতাবুল মোকাদ্দস: পাক কিতাব) জ্ঞাত আছ... ঈশ্বর নিশ্বাসিত প্রত্যেক শাস্ত্রলিপি আবার শিক্ষার, অনুযোগের, সংশোধনের, ধার্মিকতা সম্বন্ধীয় শাসনের নিমিত্ত উপযোগী (For all scripture inspired of God is profitable. ....)।"

এটা কেরির অনুবাদ। বাইবেল ২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬: "পবিত্র শাস্ত্রের/ পাক কিতাবের প্রত্যেকটি কথা ঈশ্বর/ আল্লাহ থেকে এসেছে এবং তা শিক্ষা, চেতনা দান, সংশোধন ও সৎ জীবনে গড়ে উঠবার জন্য দরকারী।" কিতাবুল মোকাদ্দস-২০১৩: "সমগ্র পাক কিতাব আল্লাহর নিঃশ্বাসিত এবং তা শিক্ষার... জন্য উপকারী।"

উভয় অনুবাদের মধ্যে পার্থক্য স্পষ্ট। কেরির অনুবাদ মূলানুগ। "all scripture inspired of God is profitable" কথাটার অর্থ: "সকল ঈশ্বর-নিঃশ্বাসিত কিতাবই উপকারী"। এ কথা দ্বারা বুঝা যায় না যে, সকল কিতাব বা কিতাবের সকল কথাই ঈশ্বর-নিঃশ্বাসিত। বরং জানা যায় যে, ঈশ্বর-নিঃশ্বাসিত সকল কিতাবই উপকারী।

সম্মানিত পাঠক, "all clean water is useful" বাক্যটার অনুবাদ কী? "সকল পরিষ্কার পানিই উপকারী"? নাকি "সকল পানিই পরিষ্কার এবং উপকারী"? যদি কেউ পরীক্ষার খাতায় দ্বিতীয় অনুবাদটা লেখে তবে সে কত নম্বর পাবে?

বাইবেলের পরবর্তী অনুবাদকরা দ্বিতীয় অনুবাদই গ্রহণ করেছেন। "all scripture inspired of God is profitable" অর্থ লেখেছেন: "পাক কিতাবের সকল কথাই ঈশ্বর নিশ্বাসিত এবং ... উপকারী"। অথচ এ কথাটার ইংরেজি হবে: "all scripture is inspired of God and is profitable..."। এভাবে পাক কিতাবের মধ্যে দুটো শব্দ সংযোজন করে অনুবাদ করা হয়েছে। আর এ অনুবাদের ভিত্তিতে অভ্রান্তবাদীরা দাবি করেন যে, বাইবেলের প্রতিটা কথাই ঈশ্বর-নিঃশ্বাসিত বা ঈশ্বর থেকে আগত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন